

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

১৯/০৯/২০২৪ খ্রি.

২০২৩ সনের অনার্স ৪র্থ বর্ষ (নিয়মিত, অনিয়মিত, মানোন্নয়ন) পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র কলেজের সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক ১৮/০৯/২০২৪ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী ২০২৩ সনের অনার্স ৪র্থ বর্ষ (নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন) পরীক্ষার ফরম পূরণের ফিসের হিসাব, ফরম পূরণ ও ডাটা এন্ট্রির সময় নিম্নরূপ:

অনলাইনে পরীক্ষার ফরম পূরণ ও জমা দানের শেষ তারিখ: ০৮/১০/২০২৪ খ্রি.  
বিভাগ কর্তৃক অনলাইনের ভেরিফাই ও বিবরণী জমা দানের শেষ তারিখ: ১০/১০/২০২৪ খ্রি.

নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন ছাত্রীদের পরীক্ষার ফি

ক্রমিক	বিবরণ	ফিস (টাকা)
০১	তত্ত্বীয় পরীক্ষার ফি (প্রতি পূর্ণ পত্র)	২০০/-
০২	তত্ত্বীয় পরীক্ষার ফি (প্রতি অর্ধ পত্র)	১৪০/-
০৩	বিশেষ অন্তর্ভুক্তি ফি (মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে)	৫০০/-
০৪	ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে প্রতি পত্র/কোর্স)	২০০/-
০৫	রিচার্জ প্রজেক্ট ফি (প্রযোজ্য ক্ষেত্রে)	২০০/-
০৬	মৌখিক পরীক্ষার ফি (প্রযোজ্য ক্ষেত্রে)	২০০/-
০৭	মাঠকর্ম ফি (প্রযোজ্য ক্ষেত্রে)	১০০/-
০৮	টার্ম পেপার ফি (প্রযোজ্য ক্ষেত্রে)	১০০/-
০৯	ইনকোর্স পরীক্ষার ফি (নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী)	১০০/-
১০	নন-কলেজিয়েট ফি (প্রযোজ্য ক্ষেত্রে)	১৫০০/-
১১	ব্যবহারিক কেন্দ্র ফি (প্রতি পত্রের জন্য ১৩০/- এবং একই পত্রের পরবর্তী দিনের জন্য ৭৫/-)	১৩০/- বা যা প্রযোজ্য
১২	মৌখিক পরীক্ষার কেন্দ্র ফি (প্রযোজ্য ক্ষেত্রে)	৭৫/-
১৩	নম্বরপত্র ফি (নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী)	৪৫০/-
১৪	সনদ পত্র ফি (নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী)	৩০০/-
১৫	ফরম পূরণের আবেদন ফি (সকল পরীক্ষার্থী)	১৫০/-
১৬	কেন্দ্র ফি ও অন্যান্য ফি (সকল পরীক্ষার্থী)	৯০৫/-

অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়ম (শিক্ষার্থীদের জন্য):

(ক) আবেদনকারীকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd) Form fill-up বাটন ক্লিক করে সাইন আপ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী (৭ কলেজের ওয়েবসাইটে প্রদত্ত ফরমপূরণের নির্দেশাবলী অনুযায়ী) নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রি প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক হলে অনলাইন থেকে একটি পূরণকৃত ফরম প্রিন্ট করে নিবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয়সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাদি উল্লেখ থাকবে। অনলাইনে ফরম পূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে।

খ) শিক্ষার্থীদের প্রিন্টকৃত ফরমে কলেজ বিভাগীয় প্রধান স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেক/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

১৯.৯.২৪

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ০৬/১০/২০২৪ তারিখের মধ্যে শিক্ষার্থীর পূর্বের তথ্যসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে পারবে।

**পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলীঃ**

**২. ফরম পূরণের ফি জমা দেয়া:**

২০২৩ সনের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার্থীদের প্রথমে কলেজের নিজস্ব অনলাইন সফটওয়্যার ([www.edencollege.eshiksabd.com](http://www.edencollege.eshiksabd.com)) এ প্রবেশ করে তথ্য ফরম পূরণ করতে হবে (যাদের তথ্য ফরম পূরণ করা আছে তাদের প্রয়োজন নেই)। তথ্য ফরম পূরণের জন্য “edenstudent” ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করতে হবে। তথ্য ফরম পূরণ করার পর “উপায়” মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি জমা দেয়া যাবে। মানোন্নয়ন শিক্ষার্থীরা উল্লিখিত ওয়েবসাইটে প্রবেশ করে নিজে পরীক্ষার পত্র ও ফি নির্ধারণ করবে। ফি নির্ধারণের নির্দেশনা বিভাগে প্রেরণ করা হয়েছে।

**৪। পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা:**

এ সংক্রান্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিধি-বিধান এবং ১৮/০৯/২০২৪ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তির শর্তাবলি প্রযোজ্য হবে।

**৫। বিভাগের করণীয়:**


ক) উপরোল্লিখিত ফিস হিসাব অনুযায়ী স্ব স্ব বিভাগের ক্ষেত্রে প্রযোজ্য মোট টাকা হিসাব করে আগামী ২৩/০৯/২০২৪ তারিখের মধ্যে বিভাগীয় প্রধান ছাত্রীদের নোটিশ করবেন এবং নোটিশের কপি হিসাব শাখায় প্রেরণ করবেন।

খ) বিভাগসমূহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি যথাযথভাবে অনুসরণ করে ছাত্রীদের ফরম পূরণ নিশ্চিত করবেন।

গ) আগামী ২৩/০৯/২০২৪ তারিখের মধ্যে স্ব স্ব বিভাগের ৪র্থ বর্ষের কলেজিয়েট, নন-কলেজিয়েট, ডিস-কলেজিয়েট শিক্ষার্থীর তালিকা বিভাগের নোটিশ বোর্ডে টাঙ্গাতে হবে।

ঘ) [www.edencollege.eshiksabd.com](http://www.edencollege.eshiksabd.com) ওয়েব সাইটে প্রবেশ করে স্ব স্ব বিভাগ কলেজিয়েট, নন-কলেজিয়েট পরীক্ষার্থীর ফি নির্ধারণ করবে।

ঙ) অনার্স ৪র্থ বর্ষ ছাত্রীদের পরীক্ষার ফরমের সাথে লাইব্রেরি, হোস্টেল (প্রযোজ্য ক্ষেত্রে) হতে না-দাবি সনদ জমা নিতে হবে।

  
০৯.০৯.২৪  
(অধ্যাপক ড. শামছুন নাহার)

অধ্যক্ষ

ইডেন মহিলা কলেজ, ঢাকা।

কার্যার্থে:

- ১। উপাধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৩। প্রধান সহকারী, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৪। রেজিস্ট্রেশন শাখা, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৫। ক্যাশিয়ার, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৬। সংরক্ষণ নথি।

